06.08.25

বরাবর,

উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা
উপজেলা পরিসংখ্যান কার্যালয়,
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

বিষয় ঃ **ভাতাসহ শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরীর আবেদন।**

মহোদয়,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী ১৬/০৮/২০০১ খ্রিঃ তারিখে চেইনম্যান পদে যোগদান করি। বর্তমানে আমি উপজেলা পরিসংখ্যান কার্যালয়, নাচোল, চাঁপাইনবাবগঞ্জে চেইনম্যান হিসেবে কর্মরত আছি। বর্তমানে আমার মূল বেতন ১৯৩২০/- (উনিশ হাজার তিনশত বিশ টাকা)। আগামী ১৬/০৮/২০২৫ খ্রিঃ তারিখ আমার চাকুরীর মেয়াদ ২৪ (চব্বিশ) বছর পূর্ণ হওয়ার প্রেক্ষিতে সরকারী বিধি মোতাবেক আগামী ৩০/০৮/২০২৫ খ্রিঃ তারিখে ভাতাসহ ৮ম শ্রান্তি বিনোদন ছুটি প্রাপ্য। সেই প্রেক্ষিতে আমি আগামী ১৬/০৮/২০২৫ খ্রিঃ তারিখ হতে ৩০/০৮/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ১৫ (পনের) দিন ভাতাসহ শ্রান্তি বিনোদন ছুটি ভোগ করতে ইচ্ছুক।

অত্রএব, বিনীত আবেদন এই যে, আমাকে ভাতাসহ শ্রান্তি বিনোদন ছুটি ভোগ করার অনুমতি প্রদানসহ যথাযথ ব্যবস্থা গ্রহন করতে আপনার সদয় মর্জি হয়।

আপনার একান্ত অনুগত

০৬/০৮/২৫

(মোহাঃ জুলফিকার আলি)
চেইনম্যান
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

তারিখ ঃ ০৬/০৮/২০২৫ খ্রিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
bbs.nachol.chapainawabganj.gov.bd

স্মারক নং-৫২.০১.৭০৫৬.০০০.৪১.০০১.২৪.

তারিখঃ শ্রাবণ ১৪৩২ / আগস্ট ২০২৫

প্রেরকঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা
উপজেলা পরিসংখ্যান কার্যালয়, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

প্রাপক: উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

বিষয়: ভাতাসহ শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুরি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন শাখা-১ থেকে জারিকৃত ১২ জুলাই ১৯৯৯ তারিখের অম/অবি(বা:১)/ভাতা-১৬/৯৫/১৭৬ নং স্মারকের প্রেক্ষিতে ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১)(বি)(২) বিধি এবং বাংলাদেশ সার্ভিসেস (শ্রান্তি বিনোদন ভাতা) বিধি, ১৯৭৯ মোতাবেক জেলা পরিসংখ্যান কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর অধীন উপজেলা পরিসংখ্যান কার্যালয়, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ এর নিম্নবর্ণিত কর্মচারীর নামের পার্শ্বে উল্লিখিত তারিখ হতে ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ ভাতাসহ ১৫ (পনের) দিনের গড় বেতনে অর্জিত ছুটি (শ্রান্তিবিনোদন) মঞ্জুর করা হল।

| ক্রম | নাম ও পদবি | কর্মস্থল | পূর্বে ভোগকৃত ছুটি | ছুটি প্রাপ্যতার তারিখ | ছুটি মঞ্জুরির তারিখ | মুল বেতন |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মোহাঃ জুলফিকার আলি চেইনম্যান | উপজেলা পরিসংখ্যান কার্যালয় নাচোল, চাঁপাইনবাবগঞ্জ | ১৬-০৮-২০২৫ খ্রি. হতে ৩০-০৮-২০২৫ খ্রি. পর্যন্ত | ১৬-০৮-২০২৫ খ্রি. হতে ৩০-০৮-২০২৫ খ্রি. পর্যন্ত | ১৬-০৮-২০২৫ খ্রি. হতে ৩০-০৮-২০২৫ খ্রি. পর্যন্ত | ১৯,৩২০/- |
| | | | | | সর্বমোট= | ১৯,৩২০/- |

(উনিশ হাজার তিনশত বিশ) টাকা মাত্র।

১. উল্লিখিত কর্মচারীর পূর্ববর্তী শ্রান্তিবিনোদন ছুটি ভোগের তারিখ হতে একটানা ৩ (তিন) বছর চাকুরীকাল অতিবাহিত হওয়ায় এই ছুটি মঞ্জুর করা হল।

২. উক্ত মঞ্জুরীকৃত অর্থ বর্তমান অর্থবছর ২০২৫-২৬ এর বাজেট কোড নং-১১৬০২০৪-১০৩৮০৩ উপজেলা কার্যালয়-৩১১১৩২৮-শ্রান্তিবিনোদন ভাতা খাত হতে ব্যয় নির্বাহ করা হবে।

৩. ইহা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ প্রশাসন-১ শাখা এর স্মারক নং-৫২.০০৫.০১৮.০০.০০.২৩৯.১৯৯২-১৪৮, তারিখ: ১৮/৪/২০১৬ খ্রি. এর ক্ষমতাবলে মঞ্জুরীপত্র জারী করা হল।

স্বা.

**মোঃ আল-আমিন**
উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
টেলিফোনঃ ০২৫৮৮৮৯৫৯৬৬
ই-মেইলঃ nacholcuso@gmail.com

স্মারক নং-৫২.০১.৭০৫৬.০০০.৪১.০০১.২৪.৬০৫

তারিখঃ ২০/০৪/ শ্রাবণ ১৪৩২ / ১৩/০৮/ আগস্ট ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১. যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী।
২. উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
৩. সংশ্লিষ্ট ব্যক্তি মোহাঃ জুলফিকার আলি, চেইনম্যান, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৪. অফিস কপি।

১৩/০৮/২৫

**মোঃ আল-আমিন**
উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা